ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## প্রধান প্রকৌশলীর দপ্তর

কাজলা, মতিহার, রাজশাহী।

RUET

স্মারক নং- প্রশা/রুয়েট/দরপত্র/ঢাগেহা/ওফা/০১/২০২৫-২০২৬/৩২৭৯ তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রি.

## দরপত্র বিজ্ঞপ্তি (পণ্য)

## দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১/২০২৫-২০২৬

১। মন্ত্রণালয়/বিভাগ ঃ শিক্ষা মন্ত্রণালয়

২। এজেন্সি/প্রতিষ্ঠান ঃ রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

৩। প্রকিউরিং এনটিটির নাম ঃ প্রধান প্রকৌশলী

৪। প্রকিউরিং এনটিটির জেলা ঃ রাজশাহী

৫। দরপত্র সূত্র নং ঃ প্রশা/রুয়েট/দরপত্র/ঢাগেহা/ওফা/০১/২০২৫-২০২৬/৩২৭৯

৬। তারিখ ঃ ২৬/০১/২০২৬

৭। ক্রয় পদ্ধতি ঃ উন্মুক্ত দরপত্র পদ্ধতি।

৮। বাজেট ও অর্থের উৎস ঃ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে।

৯। দরপত্র প্যাকেজ নং ঃ RUET/WF/DGH/G/2025-2026/01

১০। দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় ঃ ১৭/০২/২০২৬ দুপুর ০৪.০০ টা পর্যন্ত

১১। দরপত্র গ্রহণ সর্বশেষ ত তারিখ ও সময় ঃ ১৮/০২/২০২৬ বেলা ১২.০০ টা পর্যন্ত

১২। দরপত্র উন্মুক্ত করনের তারিখ ও সময় ঃ ১৮/০২/২০২৬ বেলা ১২.৩০ টা পর্যন্ত (দরপত্র দাতাগণ/তাদের অনুমোদিত প্রতিনিধিগণ উপস্থিত থাকতে পারবেন)।

১৩। দরপত্র বিক্রয়ের অফিস সমূহের নাম ও ঠিকানা ঃ ক) রুপালী ব্যাংক পিএলসি, রুয়েট কর্পোরেট শাখা, রাজশাহী।

১৪। দরপত্র দলিল দাখিল ও উন্মুক্ত করণের স্থান ঃ প্রকৌশল দপ্তর, রুয়েট, রাজশাহী

১৫। দরদাতার যোগ্যতা ঃ (ক) প্রসিদ্ধ ও স্বনামধন্য ডেভেলপার কোম্পানী/বিল্ডার্স/নির্মাতা প্রতিষ্ঠান ক্রয় কার্যে অংশগ্রহণ করতে পারবেন। রিহাবের সদস্য হতে হবে।

(খ) ফ্লাট নির্মাণ কাজে ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিগত ৫(পাঁচ) বছরে সম্পাদিত ন্যূনতম ৮০০.০০ লক্ষ টাকা মূল্যমানের কমপক্ষে ১(এক)টি ১০ তলা ভবন যার সর্বমোট এরিয়া ন্যূনতম ৫০০০০.০০ বর্গফুট হতে হবে।

(গ) দরপত্র উল্লিখিত ফ্লাট ভবনটি অবশ্যই আবাসিক এবং রাজউক কর্তৃক অনুমোদিত নকশা ও বিধি অনুযায়ী নির্মাণ কাজ সম্পন্ন হতে হবে।

(ঘ) ডেভেলপার কোম্পানী/বিল্ডার্সকে অবশ্যই দরপত্র উল্লিখিত ফ্লাটের জমির মালিক হতে হবে অথবা বিক্রয়কৃত ফ্লাট ভবনটি খরিদ্দারকে নিবন্ধন করে দেওয়ার বৈধ আইনি অধিকার থাকতে হবে। জমির বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নির্দায় ছাড়পত্র দাখিল করতে হবে।

(ঙ) নির্বাচিত দরদাতাকে নোটিশ প্রাপ্তির পর কার্যাদেশ প্রদানের ১৮(আঠার) মাসের মধ্যে নিবন্ধন সহ ফ্লাট হস্তান্তরের কার্য সম্পাদন করে দিতে হবে।

(চ) ন্যূনতম লিকুইড এ্যাসেটস এর পরিমাণ ৯০০.০০ লক্ষ টাকা হতে হবে। কৃতকার্য দরদাতাকে গৃহীত দরের উপর পারফরমেন্স সিকিউরিটি হিসেবে ন্যূনতম ১০% (দশ শতাংশ) ব্যাংক গ্যারান্টি দাখিল করতে হবে।

(ছ) হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএনসহ আয়কর প্রত্যয়নপত্র, বিআইএনসহ ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, দরপত্র সিডিউলে বর্ণিত অন্যান্য যোগ্যতা থাকতে হবে। দরপত্র মূল্যের সাথে রেজিস্ট্রেশন ফি ও গেইন ট্যাক্স সহ যাবতীয় সরকারী ফি সমূহ বিবেচনায় নিয়ে মূল্য নিরুপণ করতে হবে। বিল পরিশোধের সময় উৎসে কর, অন্যান্য কর কর্তন করা হবে।

১৭। পণ্য/কাজের সংক্ষিপ্ত বিবরণ ঃ ঢাকা শহরের মোহাম্মদপুর, শ্যামলী ও কল্যাণপুরের আশেপার্শ্বের এলাকায় ঢাকা-মিরপুর সড়ক হতে ২০০ মিটারের মধ্যে মোট ফ্লোর স্পেস সংযুক্তভাবে পাশাপাশি একই ফ্লোরে অথবা একই ফ্লোরে পাশাপাশি একাধিক ফ্লাট সমন্বয়ে ৭৫০০ হতে ৮০০০ বর্গফুটের মধ্যে আধুনিক ও মান সম্মত ফ্লাট হতে হবে। ভবনে টেলিফোন ক্যাবল, সিসি টিভি ক্যামেরা ও আই. পি. এস সংযোগের ব্যবস্থা থাকতে হবে। ন্যূনতম ২টি লিফট ও ১টি জেনারেটর থাকতে হবে। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে প্রদানের জন্য ন্যূনতম ৪টি গাড়ী পার্কিং বা গ্যারেজের ব্যবস্থা থাকতে হবে যা পাশাপাশি একসঙ্গে হবে। এছাড়া মসজিদ, সুপার সপ, সুইমিং পুল, জিমনেসিয়াম ইত্যাদির ব্যবস্থা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

১৮। দরপত্র সিডিউলের মূল্য ঃ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

| ১৯। | পণ্য/কার্যের নাম | স্থান | দরপত্র জামানতের পরিমাণ | পণ্য/কার্য সম্পাদনের সময় সীমা |
|---|---|---|---|---|
| | ঢাকা মহানগরে রুয়েটের অতিথি ভবনের জন্য জমি সহ রেডি ফ্লাট ক্রয়। | ঢাকা মহানগরীর মধ্যে মোহাম্মদপুর, শ্যামলী ও কল্যাণপুরের তৎসংলগ্ন এলাকা। | ২৩(তেইশ) লক্ষ টাকা ভাইস চ্যান্সেলর, রুয়েট, রাজশাহী এর অনুকূলে ব্যাংক ড্রাফট, পে-অর্ডার অথবা ব্যাংক গ্যারান্টি (নির্ধারিত ফরমে) দাখিল করতে হবে। | চুক্তি সম্পাদনের পর হতে ১৮(আঠার) মাসের মধ্যে নিবন্ধনসহ হস্তান্তর কাজ সম্পন্ন করতে হবে। |

২০। দরপত্র আহ্বানকারীর নাম, পদবী, অফিস ও ফোন নং ঃ প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন, প্রধান প্রকৌশলী, রুয়েট, রাজশাহী
ফোন- ০২৫-৮৮৮৬৭১৫৪, ই- মেইল- e-mail-peuser@ac.bd, ওয়েব সাইট-www.ruet.ac.bd

২১। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষন করে।

মাননীয় ভিসি
২৬/০১/২৬

২৬/১/২৬
(প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন)
প্রধান প্রকৌশলী
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশহী।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান ঃ

১। মহাপরিচালক, বিপিপিএ, আইএমইডি, ব্লক-১২ (৩য় তলা), শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত), রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৩। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৪। কম্পট্রোলার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
৫। সভাপতি/সদস্য-সচিব, ঢাকা গেষ্ট হাউস ক্রয় কমিটি, রুয়েট, রাজশাহী।

স্মারক নং- প্রশা/রুয়েট/দরপত্র/ঢাগেহা/ওফা/০১/২০২৫-২০২৬/৩২৭৯/১(৬) তারিখ ঃ- ২৬/০১/২০২৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সেন্ট্রাল কম্পিউটার সেন্টার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। অত্র বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের জন্য অনুরোধসহ।
২। উপ-পরিচালক, প্রেস এন্ড পাবলিকেশন সেকশন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। দরপত্র বিজ্ঞপ্তি ২৭/০১/২০২৬ খ্রিঃ তারিখে দুইটি জাতীয় দৈনিক (বাংলা ও ইংরেজী) পত্রিকায় এবং একটি স্থানীয় দৈনিক বাংলা পত্রিকায় প্রকাশ ও নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রকাশিত পত্রিকার কপি প্রেরণের অনুরোধসহ।
৩। সিনিয়র সহকারী পরিচালক (সিকিউরিটি), রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। দরপত্র খোলার দিন নিরাপত্তার স্বার্থে পুলিশ মোতায়েন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধসহ।
৪। ম্যানেজার, রূপালী ব্যাংক পিএলসি, রুয়েট কর্পোরেট শাখা, রাজশাহী। দরপত্র বিক্রয়ের আর্থিক হিসাব নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের অনুরোধসহ।
৫। নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। অফিস কপি।

(প্রকৌশলী মোঃ শাহাদৎ হোসেন)
প্রধান প্রকৌশলী
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
রাজশাহী।